শ্রীলঙ্কায় একযোগে পদত্যাগ করলো ২৬ মন্ত্রী

চেম্বার ডেস্ক :: কয়েক দশকের মধ্যে এই প্রথম সবচেয়ে খারাপ অর্থনৈতিক অবস্থায় থাকা শ্রীলঙ্কায় এবার একযোগে ২৬ জন মন্ত্রী পদত্যাগ করেছেন। গতকাল রোববার রাতে তাঁরা প্রধানমন্ত্রীর কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন। এখন শ্রীলঙ্কার মন্ত্রিসভায় রয়েছেন শুধু প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে এবং প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপক্ষে। শ্রীলঙ্কার শিক্ষামন্ত্রী দীনেশ গুণবর্ধনের বরাত দিয়ে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে ব্রিটিশ গণমাধ্যম বিবিসি।

বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপক্ষে ও তাঁর ভাই প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে পদত্যাগ না করলেও প্রধানমন্ত্রীর ছেলে নমাল রাজাপক্ষে পদত্যাগ করেছেন। টুইটারে এক পোস্টে তিনি লিখেছেন, এই গণপদত্যাগ জনগণ ও সরকারের জন্য স্থিতিশীলতা প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিতে প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীকে সহায়তা করবে বলে তিনি আশা করেন।

এর আগে গত বৃহস্পতিবার দক্ষিণ এশিয়ার এই দ্বীপরাষ্ট্রটিতে খাদ্য, জ্বালানি ও ওষুধের তীব্র ঘাটতির মুখে হাজার হাজার মানুষ প্রেসিডেন্টের বাসভবনের সামনে গণবিক্ষোভ শুরু করে। বিক্ষোভ ঠেকাতে জরুরি অবস্থা জারি করা হয়। এর ঠিক এক দিন পর শ্রীলঙ্কাজুড়ে ৩৬ ঘণ্টার কারফিউ জারি করে পুলিশ।

উল্লেখ্য, ১৯৪৮ সালে ব্রিটেনের কাছ থেকে স্বাধীনতা লাভের পর দেশটি বর্তমানে সবচেয়ে ভয়াবহ অর্থনৈতিক মন্দার মধ্যে রয়েছে এবং দেশটিতে প্রয়োজনীয় দ্রব্যমূল্যের তীব্র ঘাটতি, নিত্যপণ্যর অসহনীয় মূল্যবৃদ্ধি ও প্রায় অথর্ব হয়ে যাওয়া বিদ্যুৎ ব্যবস্থার সঙ্গে লড়াই করছে।